# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

### পরিবহন কাজের বিজ্ঞপ্তি

দরপত্রের নথি নংঃ বাবি (এফ)-১৩/পরিবহণ/২০২৫-২০২৬ তারিখঃ ১৪ ডিসেম্বর ২০২৫

| | | |
|---|---|---|
| ০১ | প্রতিষ্ঠানের নাম | **খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা।** |
| ০২ | ঠিকাদারের ধরণ | বিদেশ হতে আমদানীকৃত বিভিন্ন মালামাল চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে ট্রাক, কভার্ডভ্যান, ট্রেইলার (২০ ও ৪০) এর মাধ্যমে খুলনা শিপইয়ার্ডের প্রধান ভান্ডার পর্যন্ত কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৩১শে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত পরিবহণের ঠিকাদার নিয়োগ। |
| ০৩ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | ২১ ডিসেম্বর ২০২৫ সকাল ১০:০০ ঘটিকা পর্যন্ত |
| ০৪ | দরপত্র খোলার তারিখ ও সময় | ২১ ডিসেম্বর ২০২৫ সকাল ১১:৩০ ঘটিকা |
| ০৫ | দরপত্র বিক্রয়ের স্থান | হিসাব শাখা, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা। |
| ০৬ | দরপত্রের মূল্য | টাকা ৫০০/- (পাঁচশত) মাত্র (অফেরতযোগ্য) |
| ০৭ | আর্নেস্ট মানি/বিড বন্ড এর পরিমাণ (টাকায়) | টাকা ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) মাত্র (ফেরতযোগ্য) খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্রের সহিত জমা দিতে হবে। |
| ০৮ | যোগাযোগের মাধ্যমে | ফোনঃ ০২-৪৭৭৭২০০৩ মোবাইলঃ ০১৬৭৪-৯৫০৭১৫<br>Email: oiccomf.ksy@gmail.com |
| ০৯ | বিশেষ নির্দেশাবলী | খুলনা শিপইয়ার্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন/সকল দরপত্র গ্রহণ/ বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন। |

**ওআইসি কমার্শিয়াল ফরেন**

# খুলনা শিপইয়ার্ড লিমি-টড

## বাংলা-দশ নৌবাহিনী, খুলনা

ফোন ঃ ০২-৪৭৭৭২-০০০৩

ইমেইলঃ oiccomf.ksy@gmail.com


বাবি (এফ)- ১৩/পরিবহণ/২০২৫-২০২৬ ১৪ ডিসেম্বর ২০২৫

**চট্টগ্রাম বন্দরে আমদানীকৃত বিভিন্ন মালামাল খুশিলিতে ট্রাক, কভার্ডভ্যান, ট্রেইলার (২০´ ও ৪০´) এর মাধ্যমে পরিবহণ কাজের দরপত্র আহ্বান**

**দরপত্র খোলার তারিখ ও সময়ঃ ২১ ডিসেম্বর ২০২৫ বেলা ১১৩০ ঘটিকা।**
**টেন্ডার ডকুমেন্টস এর মূল্য প্রতিসেট (অফেরতযোগ্য) টাকা ৫০০.০০ (টাকা পাঁচশত) মাত্র।**

মেসার্স... ... ... ... ... ... ... ... ... ......
... ... ... ... ... ... ... ... ... ... ... ..........
... ... ... ... ... ... ... ... ... ... ... ..........

১। খুলনা শিপইয়ার্ড লিঃ (খুশিলি), বাংলাদেশ নৌবাহিনী, খুলনা কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দর হতে আমদানীতব্য বিভিন্ন মালামাল অভিজ্ঞতাসম্পন্ন বিশ্বস্ত এবং নির্ভরযোগ্য ঠিকাদারগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক **কার্যাদেশ প্রদানের তারিখ হতে আগামী ৩১ ডিসেম্বর ২০২৬** পর্যন্ত সড়ক পথে পরিবহণ করা হবে। প্রয়োজন বিবেচনায় খুশিলি কর্তৃপক্ষ কার্যাদেশ দর পুনঃ বিবেচনা ব্যতিত/করতঃ ধারাবাহিকভাবে কার্যাদেশ সময়সীমা অনধিক ০১ (এক) বছর বৃদ্ধি করতে পারে।

২। **পরিবহণকৃত মালের বিবরণঃ** এম এস প্লেট, চ্যানেল, এ্যাঙ্গেল, বার, ইঞ্জিন, জেনারেটর, পাইপ, পাম্প, মেশিনারিজ ইত্যাদি এবং বিভিন্ন প্যাকেজ মালামাল (যখন যে পরিমাণ আমদানী করা হবে)।

৩। **পরিবহণ ঠিকাদার কর্তৃক প্রদত্ত দরঃ-**

| | |
|---|---|
| ক। প্রতি ট্রাক(বডি নুন্যতম ২০ ফুট) পরিবহণ ভাড়াঃ .............<br>- ট্রাক প্রতি নুন্যতম ১৩ টন মালামাল বহন করতে হবে।<br>-প্রয়াজনে ডালা খুলে মালামাল পরিবহণ করা হতে পারে। | খ। প্রতি কভার্ডভ্যান পরিবহণ ভাড়াঃ .............<br>- কভার্ডভ্যান প্রতি নুন্যতম ১৩ টন মালামাল বহন করতে হবে।<br>- কভার্ডভ্যান এর বডি লম্বায় নুন্যতম ২০ ফুট হতে হবে। |
| গ। প্রতি ট্রেইলার/ট্রলি (বডি নুন্যতম ৪০ ফিট) পরিবহণ ভাড়াঃ .............<br>- ট্রলি প্রতি নুন্যতম ২৫ টন মালামাল/কন্টেইনার বহন করতে হবে।<br>- ট্রলি এর বেড কাঠ/স্টীল এর হতে হবে। | ঘ। প্রতি ৪০ ফিট স্পেশাল (লোবেড/হাইবেড) ট্রেইলার/ট্রলি পরিবহণ ভাড়াঃ .............<br>- ট্রলি প্রতি নুন্যতম ২৫ টন মালামাল/কন্টেইনার বহন করতে হবে।<br>- ট্রলি এর বেড কাঠ/স্টীল এর হতে হবে। |
| ঙ। ২০ ফিট কন্টেইনারসহ (ওপেনটপ/নরমাল) মালামাল চট্টগ্রাম পোর্ট হতে খুশিলিতে আনা ও খালি কন্টেইনার চট্টগ্রামে ডিপোতে ফেরত প্রদানের (টু ওয়ে) ট্রলি প্রতি পরিবহণ ভাড়াঃ .............<br>-শিপিং ডকুমেন্টে উল্লেখিত মালামাল (ওজন কন্টেইনারসহ) বহন করতে হবে<br>- ট্রলি এর বেড কাঠ/স্টীল এর হতে হবে।<br>-ফ্রি টাইমের মধ্যে কন্টেইনার ডিপোতে কন্টেইনার জমা দিতে হবে। | চ। ৪০ ফিট কন্টেইনারসহ (ওপেনটপ/নরমাল) মালামাল চট্টগ্রাম পোর্ট হতে খুশিলিতে আনা ও খালি কন্টেইনার চট্টগ্রামে ডিপোতে ফেরত প্রদানের (টু ওয়ে) ট্রলি প্রতি পরিবহণ ভাড়াঃ .............<br>-শিপিং ডকুমেন্টে উল্লেখিত মালামাল (ওজন কন্টেইনারসহ) বহন করতে হবে<br>- ট্রলি এর বেড কাঠ/স্টীল এর হতে হবে।<br>-ফ্রি টাইমের মধ্যে কন্টেইনার ডিপোতে কন্টেইনার জমা দিতে হবে। |

৪। মালামাল পরিবহনকৃত জাহাজ চট্টগ্রাম সমুদ্র বন্দরে আগমন সাপেক্ষে অথবা তৎপরবর্তী যে কোন সময়ে পরিবহন করতে হবে। পরিবহন যানের পরিমাণ খুশিলি কর্তৃপক্ষ নির্ধারণ করবে।

৫। খুশিলির সিএন্ডএফ এজেন্ট/নৌ-ভাণ্ডার চট্টগ্রাম এর চাহিদা মোতাবেক/খুলনা শিপইয়ার্ড লিঃ এর নির্দেশ পাওয়ার পর পরই পরিবহন ঠিকাদার নিজ দায়িত্বে দক্ষ ড্রাইভার কর্তৃক প্রয়োজনীয় সংখ্যাক ট্রাক/কভার্ডভ্যান/ট্রলি চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে প্রবেশ করার ব্যবস্থা করবে। ইহার জন্য বন্দর কর্তৃপক্ষ বা অন্য কোন সংস্থার চাঁদা বা খরচ শিপইয়ার্ড বহন করবে না। পরিবহনকালীন সময়ে পথিমধ্যে যাবতীয় খরচ ঠিকাদার/পরিবহনকারী সংস্থাকে বহন করতে হবে। উল্লেখ্য, কর্তৃপক্ষের নির্দেশে মালামাল একাধিক স্থানে লোড ও আনলোড হতে পারে। অধিকন্তু লোড এবং আনলোড পয়েন্টে বিলম্ব হওয়ার জন্য কোনরুপ ডেমারেজ দেওয়া হবেনা।

৬। মালামাল খুলনা শিপইয়ার্ড ভান্ডারে পূর্ব নির্ধারিত সময়ে পৌঁছাতে হবে। মালামাল খুশিলিতে আনলোডের জন্য খুশিলির ক্রেন ও লেবার দেওয়া হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৭। কৃতকার্য ঠিকাদার পরিবহনকালীন সময়ে মালামালের ক্ষতি হলে/ পরিবহনকাজে ব্যর্থ হলে/ অসমর্থতা প্রকাশ করলে অথবা পরিবহনের কারণে খুলনা শিপইয়ার্ড আর্থিকভাবে কোন ক্ষতিগ্রস্থ হলে তাহার সম্পূর্ণ দায়দায়িত্ব পরিবহণ ঠিকাদারকেই বহন করতে হবে এবং ক্ষতিপূরণ করতে ঠিকাদার বাধ্য থাকবে। এক্ষেত্রে পিজি বাজেয়াপ্ত অথবা অন্যান্য জরিমানা আরোপ করা হতে পারে। এছাড়াও পরিবহণকারী ট্রাক/কভার্ডভ্যান/ট্রেইলার এর অবশ্যই বীমা কভারেজ থাকতে হবে।

৮। পরিবহনীকালীন পথিমধ্যে আইন-শৃঙ্খলা বর্হিভূত কোন কাজ (নিষিদ্ধ/বিষাক্ত পণ্য পরিবহন, অতিরিক্ত পণ্য বোঝাইসহ অন্যান্য) এর জন্য খুশিলি দায়ী থাকবে না এবং একই কারণে কোন প্রকার জরিমানা হলে/মালামাল খুশিলিতে পৌঁছাতে বিলম্ব হলে/বিলম্বের কারণে উৎপাদন কাজে ব্যাঘাত অথবা ক্ষতি হলে উক্ত ক্ষতি পরিবকহন ঠিকাদার কর্তৃক বহন করতে হবে।

৯। দরদাতাগনের অবশ্যই ঢাকা/চট্টগ্রাম/খুলনা শহরে ট্রান্সপোর্ট অফিস এবং যোগাযোগের মোবাইল নম্বর থাকতে হবে। কৃতকার্য দরদাতাকে পরিবহন কার্য ত্বরান্বিত করার জন্য শিপইয়ার্ডের নির্দেশ মোতাবেক অবিলম্বে কার্য আরম্ভ করতে হবে। বিলম্ব করলে বন্দর ডেমারেজ/কন্টেইনার ডেমারেজসহ অন্যান্য ক্ষতি ঠিকাদার/পরিবহনকারী সংস্থা কর্তৃক শিপইয়ার্ডকে পরিশোধ করতে বাধ্য থাকবে।

১০। সম্পূর্ণ মালামাল পরিবহণের পর সরবরাহকৃত মালামালের ০১ (কপি) চালানসহ ০৩ (তিন) কপি বিল (ব্যাংক একাউন্ট নম্বর উল্লেখসহ) দাখিল করতে হবে এবং শিপইয়ার্ডের প্রধান ভাণ্ডার কর্তৃক সুপারিশের আলোকে হিসাব বিভাগ কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১১। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

১২। দরপত্র আগামী **২১** ডিসেম্বর ২০২৫ বেলা **১১:১৫** ঘটিকার মধ্যে জমা দিতে হবে এবং একই দিন বেলা **১১:৩০** ঘটিকায় দরপত্র খোলা হবে।

১৩। দরপত্র দাতাদের নিম্নলিখিত ডকুমেন্টস দরপত্রের সহিত দাখিল করতে হবেঃ
ক। আয়কর পরিশোধ সার্টিফিকেট খ। ভ্যাট নিবন্ধন সার্টিফিকেট

১৪। টেন্ডারের সহিত আর্নেস্ট মানি/বিডবন্ড হিসাবে টাকা ২৫,০০০/- (টাকা পঁচিশ হাজার) মাত্র এর পে-অর্ডার ফেরতযোগ্য) খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে জমা দিতে হবে। উল্লেখ্য, খুলনা শিপইয়ার্ডে তালিকাভূক্ত ঠিকাদার/সরবরাহকারীদের আর্নেষ্ট মানি প্রদান করার প্রয়োজন নাই। এক্ষেত্রে টেন্ডারে অংশগ্রহণকারী যেকোন দরদাতার দরপত্র মূল্যায়নকালীন অথবা কার্যাদেশ প্রক্রিয়াধীন সময় কোন প্রকার অপারগতা প্রকাশ করলে সংশ্লিষ্ট আর্নেস্ট মানি/বিডবন্ড বাজেয়াপ্ত হবে। কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ পাওয়ার পূর্বে দফাভিত্তিক প্রতি কাজের জন্য আলাদাভাবে (ক, খ, গ, ঘ, ঙ ও চ) টাকা ৫০,০০০/- (টাকা পঞ্চাশ হাজার) মাত্র এর পে-অর্ডারের মাধ্যমে খুলনা শিপইয়ার্ডের অনুকূলে জামানত হিসাবে জমা দিতে হবে।

১৫। দরপত্র সীল মোহরকৃত খামে ডাকে অথবা ই-মেইলে (oiccomf.ksy@gmail.com) পাঠানো যেতে পারে অথবা শিপইয়ার্ড গেটে রক্ষিত টেন্ডার বক্সে জমা দেওয়া যেতে পারে। তবে ই-মেইলে প্রেরিত দরপত্রের ক্ষেত্রে টাকা ২৫,০০০.০০ (পঁচিশ হাজার) পে-অর্ডার এর স্ক্যান কপি সংযুক্ত করতে হবে এবং অরিজিনাল কপি ৪৮ ঘন্টার মধ্যে অত্র দপ্তরে জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রগুলি অবশ্যই পরিস্কারভাবে কালি দ্বারা অথবা মুদ্রাক্ষরে লিখিত হতে হবে। পেনসিল দ্বারা লিখিত অথবা পুনঃলিখন বাতিল বলে গণ্য হতে পারে।

১৬। দরপত্র আবদ্ধ সীলমোহরকৃত খামের উপর নিম্নলিখিত ঠিকানা লিপিবদ্ধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে খুলনা শিপইয়ার্ডের মেইন গেট এর পার্শ্বে রক্ষিত টেন্ডার বক্সের ভিতর ফেলতে হবে।

**ম্যানেজিং ডাইরেক্টর**
খুলনা শিপইয়ার্ড লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

**টেন্ডার নং ঃ বাবি (এফ)-১৩/পরিবহণ/২০২৫-২০২৬ তারিখ: ১৪ ডিসেম্বর ২০২৫**
**টেন্ডার খোলার তারিখঃ ২১ ডিসেম্বর ২০২৫ সময়: সকাল ১১:৩০ ঘটিকা।**

১৭। উল্লেখিত পরিবহণ কাজের জন্য এক বা একাধিক ঠিকাদার নিয়োগ, শর্তাবলী সংশোধন, সংযোজন এবং কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই টেন্ডারটি বাতিল অথবা পুনঃটেন্ডার করার ক্ষমতা খুশিলি সংরক্ষণ করে।

ধন্যবাদান্তে

শেখ শাহ্ মশিউর রহমান
ম্যানেজার এ্যাডমিন
ওআইসি-কমার্শিয়াল ফরেন